গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Web site: www.explosives.gov.bd
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.০০১.০৭.১৩৪.২৪/৩৮৪২ তারিখ: ১৯ /০৬/২০২৫ খ্রি.

**বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সবিহীন বিভিন্ন প্রতিষ্ঠানে অবৈধভাবে এলপিজি সরবরাহ বন্ধকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক সরেজমীন পরিদর্শনে নিম্নোক্ত লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানে এলপিজি মজুদ ও সরবরাহ পরিলক্ষিত হয়:

| নং | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের অবস্থান | গ্যাস সরবরাহকারী |
|---|---|---|---|
| ১। | পিনাকল পাওয়ার লিমিটেড | ক-৮৫/১, প্রগতি স্মরণী, কুড়িল বিশ্ব রোড, ঢাকা। | ওমেরা এলপিজি লি: |
| ২। | মেসার্স কিকো পেট্রোলিয়াম এন্ড এলপিজি ফিলিং স্টেশন | নন্দীপাড়া, খিলগাঁও, ঢাকা | বেক্সিমকো এলপিজি লি: |
| ৩। | মেসার্স এইচটিএস রিফুয়েলিং (প্রাঃ) লিঃ | নন্দীপাড়া, খিলগাঁও, ঢাকা | জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিমিটেড |

০২। এ পত্র জারির পরবর্তী হতে উপরে বর্ণিত এলপিজি অটোগ্যাস স্টেশনসহ লাইসেন্সবিহীন সকল প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৩। যে কোনো লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের ফলে কোনো দুর্ঘটনা সংঘঠিত হলে এর দায়ভার সংশ্লিষ্ট গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে।
০৪। গ্যাস সরবরাহকারী (এলপিজি গ্যাস অপারেটর) কর্তৃক গ্যাস গ্রহণকারী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে গ্যাস সরবরাহের পূর্বে বিস্ফোরক পরিদপ্তর হতে প্রদানকৃত লাইসেন্স এবং লাইসেন্সের হালনাগাদ নবায়নকরণ সুনিশ্চিত হয়ে গ্যাস সরবরাহ করতে হবে।
০৫। এ পত্র জারির পরবর্তী হতে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অমান্য করে লাইসেন্স বিহীন কোন ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানকে গ্যাস সরবরাহ করার বিষয়ে সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বটলিং প্ল্যান্টের লাইসেন্স বাতিল করাসহ প্রয়োজনীয় যে কোন প্রকার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ
(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
ফোন : ৮৩৯২৫৯২

১। ব্যবস্থাপনা পরিচালক, ওমেরা পেট্রোলিয়াম লিঃ, মবিল হাউজ, সিডব্লিউএস (সি)-৭, গুলশান-১, ঢাকা-১২১২।
২। বেক্সিমকো এলপিজি লি:, প্লট-৪, রোড-২২, স্যাম টাওয়ার, গুলশান, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিমিটেড, ইউনিক হাইটস (লেভেল-১১), ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা-১২১৭।

স্মারক নম্বর: ২(৪০০) তারিখ: ১৯ /০৬/২০২৫ খ্রি.

**সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। **জেলা প্রশাসক, ঢাকা।** বে-আইনীভাবে এলপিজি মজুদ ও বিক্রয় পরিলক্ষিত হলে বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ এর ধারা ৭ ও এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪-এ এরূপ বে-আইনী ও বিপজ্জনক কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হয়েছে **(সংলাগ-ক)**। বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও এলপিজি বিধিমালার ২০০৪ এর সংশ্লিষ্ট বিধি-বিধান লংঘন করা শাস্তিযোগ্য অপরাধ **(সংলাগ-খ)**। উল্লেখ্য বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪, মোবাইল কোর্ট আইন ২০০৯ এর তফসীলভুক্ত। উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক বে-আইনীভাবে এলপিজি মজুদ ও বিক্রয় পরিলক্ষিত হলে উপরে উল্লিখিত ক্ষমতা বলে বিধি ভঙ্গের কারণে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৩। **পুলিশ সুপার, ঢাকা।** বে-আইনীভাবে এলপিজি মজুদ ও বিক্রয় পরিলক্ষিত হলে বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ এর ধারা ৭ ও এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪-এ এরূপ বে-আইনী ও বিপজ্জনক কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হয়েছে (সংলাগ-ক)। বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও এলপিজি বিধিমালার ২০০৪ এর সংশ্লিষ্ট বিধি-বিধান লংঘন করা শাস্তিযোগ্য অপরাধ (সংলাগ-খ)। উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক বে-আইনীভাবে এলপিজি মজুদ ও বিক্রয় পরিলক্ষিত হলে উপরে উল্লিখিত ক্ষমতা বলে বিধি ভঙ্গের কারণে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৪। এলপিজি ওপারেটর্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (লোয়াব), বেভারলি হিলস (ফ্ল্যাট বি-৫), ৯৮/বি, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-১২১২

19.6.2025
(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

CS CamScanner